**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/8/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল আসক্তির চিকিৎসার ওষুধকে সমর্থন করার জন্য 7 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ঘোষণা করলেন

## *এক দিনে বিউপ্রেনোরফাইন পাওয়ার সুযোগের ব্যবস্থা করতে এবং আসক্তি সেবা ব্যবস্থাপনার জন্য নকশাকৃত কর্মসূচিসমূহ প্রতিষ্ঠা করার জন্য 15 সেবাদানকারী অর্থায়ন পাবে*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে সার্বিক, কম সীমার বিউপ্রেনোরফাইন সেবা স্থাপন করার মাধ্যমে আসক্তির চিকিৎসা ওষুধকে সমর্থন করার জন্য নিউ ইয়র্ক স্টেটজুড়ে 15 সেবাদানকারীকে 7 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করা হবে। এক দিনে, অবিলম্বে বিউপ্রেনোরফাইন চিকিৎসায় নাম লেখানো এবং চিকিৎসার ব্যবস্থাপনা প্রদান করে ওষুধ এবং অন্যান্য সেবার চলমান চাহিদা মেটানোর জন্য এই কর্মসূচিগুলি নকশা করা হয়েছে। নিউ ইয়র্ক স্টেটের অপিওয়েড সেটেলমেন্ট তহবিলের (New York State's Opioid Settlement Fund) মাধ্যমে এই তহবিল বিতরণ করা হবে।

"জীবন রক্ষাকারী সংস্থান এবং ওষুধের মতো সমর্থন পাওয়ার সুযোগ বৃদ্ধি করা হলো আসক্তিতে আক্রান্ত নিউ ইয়র্কবাসীদের সাহায্য করা এবং এই সঙ্কটের মোকাবেলা করার এটি অতি গুরুত্বপূর্ণ অংশ," **গভর্নর হোকল বলেন।** "জীবন রক্ষা করা ও অপিওয়েড মহামারীর বিরুদ্ধে লড়াই করতে সম্প্রদায়সমূহকে সমর্থন করার জন্য চিকিৎসা সেবার চলমান চাহিদা পূরণ করতে আসক্তি চিকিৎসা কর্মসূচি এবং নিউ ইয়র্কজুড়ে সেবাদানকারীদের জন্য প্রদত্ত এই তহবিলের মাধ্যমে আমার প্রশাসন এখনো প্রতিশ্রুতিতে অটল রয়েছে।"

আসক্তির বিরুদ্ধে লড়াই এবং অপিওয়েড মহামারী দ্বারা আক্রান্তদের সমর্থন করার জন্য একটি সার্বিক পন্থা প্রয়োজনীয়। গবেষণা দেখায় যে অপিওয়েড ব্যবহার ব্যাধির চিকিৎসার জন্য বিউপ্রেনোরফাইন একটি নিরাপদ এবং কার্যকর উপায়, কিন্তু চিকিৎসা শুরু ও অব্যাহত রাখার জন্য অনেক সেবাদানকারী অনমনীয় আবশ্যিকতা রয়েছে। এর ফলে ওষুধ পাওয়া ব্যক্তির সংখ্যা সীমিত হয়ে যেতে পারে। এক দিনে, তাৎক্ষণিকভাবে বিউপ্রেনোরফাইন চিকিৎসা প্রদানের অনুমতি দিয়ে এবং চিকিৎসা ব্যবস্থাপনা সেবার মাধ্যমে এই সমস্যা সমাধানে সাহায্য করার জন্য সার্বিক কম সীমার কর্মসূচিগুলির নকশা করা হয়েছে।

অর্থপ্রাপ্তদের তালিকা নিম্নে দেওয়া আছে এবং নিউ ইয়র্ক স্টেট আসক্তি সেবা ও সমর্থন অফিস (New York State Office of Addiction Services and Supports, NYS OASAS) , মানসিক স্বাস্থ্য অফিস (Office of Mental Health, OMH), বা স্বাস্থ্য বিভাগের (Department of Health) প্রত্যয়িত সেবাদানকারীরা এতে অন্তর্ভুক্ত রয়েছে। প্রত্যেক সেবাদানকারী 500,000 মার্কিন ডলার পর্যন্ত অর্থ পাবে।

**ক্যাপিটাল রিজিয়ন**

- হোপ হাউজ

**সেন্ট্রাল NY**

- ফ্যামিলি কাউন্সেলিং সার্ভিসেস অফ কর্টল্যান্ড কাউন্টি

**ফিঙ্গার লেকস**

- FLACRA
- হেলিও হেলথ

**লং আইল্যান্ড**

- ফ্যামিলি এবং চিলড্রেন্স অ্যাসোসিয়েশন

**মধ্য-হাডসন**

- ওয়েস্টচেস্টার মেডিকেল সেন্টার

**নিউ ইয়র্ক সিটি**

- Harlem United Community AIDS Center
- হাউজিং ওয়ার্কস হেলথ সার্ভিসেস III
- সেন্টার ফর কম্প্রিহেন্সিভ হেলথ প্র্যাকটিস
- সেইন্ট অ্যান কর্নার অফ হার্ম রিডাকশন, ইনকর্পোরেটেড

**নর্থ কান্ট্রি**

- ক্রেডো কমিউনিটি সেন্টার
- ক্যান্টন পটসড্যাম হাসপাতাল

**সাউদার্ন টিয়ার**

- ইউনাইটেড হেলথ সার্ভিসেস হাসপাতাল

**ওয়েস্টার্ন NY**

- EHS এভারগ্রিন হেলথ, ইনকর্পোরেটেড
- বেস্টসেলফ বিহেভিওরাল হেলথ ইনকর্পোরেটেড

**আসক্তি সেবা এবং সমর্থন অফিসের কমিশনার শিনাজো কানিংহ্যাম বলেন,** "মানুষ যাতে বিউপ্রেনোরফাইনের মতো ওষুধসহ আসক্তির জন্য সেবা পেতে পারে তা সম্ভব করতে আমাদের জন্য সকল পন্থা অবলম্বন করে দেখা গুরুত্বপূর্ণ। এই নতুন কর্মসূচিসমূহ যাদের প্রয়োজন আছে তাদের তাৎক্ষণিকভাবে তাদের সার্বিক স্বাস্থ্যকে সমর্থন করে এমন সেবার সাথে সংযুক্ত করে দিবে।"

**ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার জেমস ম্যাকডোনাল্ড বলেন,** "অপিওয়েড ব্যবহার ব্যাধি একটি জটিল কিন্তু চিকিৎসাযোগ্য ব্যাধি এবং বিউপ্রেনোরফাইন এর একটি অতি কার্যকরী চিকিৎসা। গুরুত্বপূর্ণ এই বিনিয়োগটি প্রতিবন্ধকতা হ্রাস করতে সাহায্য করে এবং আরো রোগীকে চিকিৎসা গ্রহণ শুরু করে নিজেদের নিরাময়ের পথ খুঁজে নিতে সাহায্য করে। বিউপ্রেনোরফাইন জীবন রক্ষা করে, এবং অপিওয়েড ব্যবহার ব্যাধির চিকিৎসা করে এমন গুরুত্বপূর্ণ সেবা ও ওষুধের পাওয়ার সুযোগ বৃদ্ধি ও মূল্য প্রতিবন্ধকতা নির্মূল করার জন্য বিভাগটি সমর্থক ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখবে। এই ব্যাধিতে ভুগতে থাকা মানুষের জন্য গভর্নর হোকলের অব্যাহত সহানুভূতি ও প্রতিশ্রুতির জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

**মানসিক স্বাস্থ্য অফিসের কমিশনার ডাঃ অ্যান সালিভ্যান বলেন,** "বিউপ্রেনোরফাইন নিরাপদ এবং কার্যকরী এবং এটি মানুষকে অপিওয়েড আসক্তির মর্মান্তিক অবস্থা থেকে নিরাময় পেতে সাহায্য করে। বিউপ্রেনোরফাইন এবং অন্যান্য আসক্তি সেবা পাওয়ার সুযোগ সম্প্রসারণ করা হলে তা জীবন রক্ষা করবে এবং আসক্তির সাথে লড়াই করতে থাকা বহু ব্যক্তি ও পরিবারকে সাহায্য করবে। আসক্তি এবং ওভারডোজ মৃত্যুর বিরুদ্ধে লড়াইয়ে আমাদের প্রচেষ্টার এটি একটি গুরুত্বপূর্ণ উপাদান।"

নিউ ইয়র্ক স্টেট অপিওয়েড প্রস্তুতকারক এবং ফার্মাসিউটিক্যাল কোম্পানিগুলির সাথে বিভিন্ন বন্দোবস্তর চুক্তির মাধ্যমে 2 বিলিয়ন ডলারেরও বেশি পাচ্ছে যা অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস সুরক্ষিত করেছিলেন। এসব সেটেলমেন্ট থেকে পাওয়া অর্থের একটি অংশ সরাসরি মিউনিসিপ্যালিটিগুলোর কাছে চলে যাবে, এবং অবশিষ্ট অংশ চলমান আফিমজাত পণ্যের মহামারী মোকাবেলার জন্য প্রতিরোধ, চিকিৎসা, ক্ষতি কমানো, এবং আরোগ্যলাভের প্রচেষ্টাসমূহে সহায়তা করার জন্য নিবেদিত একটি তহবিলে জমা রাখা হবে।

এই নিবেদিত তহবিল যে আইন দ্বারা প্রতিষ্ঠিত হয়েছে সেই আইন আফিমজাত পণ্যের সেটেলমেন্ট তহবিলের পরামর্শদাতা বোর্ডও তৈরি করেছে, যেটির কাজ হচ্ছে সেটেলমেন্ট হিসেবে পাওয়া অর্থ যাদের প্রয়োজন রয়েছে তাদেরকে সবচেয়ে ভালোভাবে সেবা প্রদান করার জন্য কিভাবে ব্যবহার করা যায় সে ব্যাপারে পরামর্শ প্রদান করা। বোর্ডের সদস্যরা 1 নভেম্বর,

2022-এ ক্ষতি কমিয়ে আনার পরিষেবাসমূহ ও চিকিৎসাকে শীর্ষ অগ্রাধিকার হিসেবে শনাক্ত করে তাদের প্রথম সুপারিশ ইস্যু করেছেন।

নিউ ইয়র্ক স্টেট ওভারডোজ মহামারী সমাধান করার জন্য একটি আগ্রাসী, বহুমাত্রিক পথ বেছে নিয়েছে এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ও নিরাময় সেবা এবং ক্ষতি কমানো সহ আসক্তি পরিচর্যার জন্য দেশের একটি শীর্ষস্থানীয় চিকিৎসার ধারাবাহিকতা তৈরি করেছে। স্টেট ঐতিহ্যবাহী পরিষেবাগুলিতে অ্যাক্সেস প্রসারিত করার জন্য কাজ করেছে, যার মধ্যে রয়েছে ক্রাইসিস সার্ভিস, ইনপেশেন্ট, বহির্বিভাগের রোগী এবং আবাসিক চিকিৎসা কার্যক্রম, সেই সাথে আসক্তির চিকিৎসার জন্য ওষুধ, এবং ভ্রাম্যমান চিকিৎসা ও পরিবহন পরিষেবা।

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট হেরোইন অ্যান্ড অপিওয়েড টাস্ক ফোর্স (NYS Heroin and Opioid Task Force) এর সদস্য ছিলেন যা 2016 সালে নতুন, প্রথাগত নয় এমন পরিষেবার সুপারিশ করে, যার মধ্যে ছিল নিরাময় কেন্দ্র, তরুণদের ক্লাবহাউস, সম্প্রসারিত পিয়ার পরিষেবা, চিকিৎসা উদ্ভাবনী কেন্দ্র, মাদক ব্যবহারকারীর স্বাস্থ্য এবং 24/7 খোলা থাকে এমন কেন্দ্র, যা তাৎক্ষণিক মূল্যায়ন এবং সেবাপ্রাপ্তির রেফারেল প্রদান করে। পরবর্তীতে এই সেবাগুলি স্টেটের বহু কমিউনিটিতে স্থাপন করা হয়েছে এবং মানুষকে তাদের আবাসস্থলের কাছেই প্রয়োজনীয় সেবা পেতে সহায়তা করেছে।

নিউ ইয়র্ক স্টেটের আসক্তির পরিষেবাগুলি এবং সহায়তার দপ্তর প্রতি বছর 731,000 জনের বেশি ব্যক্তিদের পরিষেবা প্রদান করে প্রায় 1,700-টি প্রতিরোধ, চিকিৎসা এবং পুনরুদ্ধারের প্রোগ্রাম সহ দেশের বৃহত্তম পরিচর্যার পদার্থ ব্যবহারের ব্যাধির ব্যবস্থার তত্ত্বাবধান করে। এর মধ্যে আসক্তি সংক্রান্ত 12টি চিকিৎসা কেন্দ্রে সরাসরি কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে, যেখানে আমাদের ডাক্তার, নার্স, ও ক্লিনিক্যাল কর্মীরা প্রতি বছর আনুমানিক 8,000 ব্যক্তিকে হাসপাতালে ভর্তি থাকা রোগীর ও আবাসিক সেবা প্রদান করে থাকে।

আসক্তির সমস্যায় আক্রান্ত নিউ ইয়র্কবাসীরা, অথবা যাদের প্রিয়জন সমস্যায় ভুগছেন তারা স্টেটের টোল-ফ্রি, দিনে-24-ঘণ্টা সপ্তাহে-7-দিন খোলা থাকা হোপলাইনে 1-877-8-HOPENY (1-877-846-7369) নম্বরে ফোন করে অথবা HOPENY (শর্ট কোড 467369) লিখে টেক্সট পাঠিয়ে সাহায্য ও আশা খুঁজে নিতে পারেন।

আসক্তি সংক্রান্ত লভ্য চিকিৎসা, যেমন ক্রাইসিস/ডিটক্স, হাসপাতালে ভর্তি হওয়া, রেসিডেনশিয়াল, বা বহির্বিভাগের রোগীদের সেবা, ইত্যাদি NYS OASAS চিকিৎসার লভ্যতা সংক্রান্ত ড্যাশবোর্ড ব্যবহার করে খুঁজে নেয়া যাবে যা FindAddictionTreatment.ny.gov ওয়েবসাইটে গিয়ে অথবা NYS OASAS ওয়েবসাইটের মাধ্যমে পাওয়া যাবে।

আপনি, অথবা আপনার প্রিয়জন, যদি চিকিৎসা সংক্রান্ত বীমা বাধার সম্মুখীন হন অথবা একটি অস্বীকৃত দাবির জন্য আবেদন দাখিল করার জন্য সাহায্যের প্রয়োজন হয়, তাহলে 888-614-5400 নম্বরে ফোনে যোগাযোগ করুন অথবা ombuds@oasas.ny.gov ঠিকানায় ইমেইল করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418